

আল-হাক্বাহ | Al-Haqqa | الْحَقَّةُ

আয়াতঃ ৬৯ : ৪০

আরবি মূল আয়াত:

إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ ﴿٤٠﴾

অনুবাদসমূহ:

নিশ্চয়ই এটি এক সম্মানিত রাসূলের বাণী। — আল-বায়ান

যে, অবশ্যই এ কুরআন এক মহা সম্মানিত রসূল [জিবরীল (আঃ)]-এর (বহন করে আনা) বাণী। — তাইসিরুল

নিশ্চয়ই এই কুরআন এক সম্মানিত রাসূলের বাহিত বার্তা। — মুজিবুর রহমান

[That] indeed, the Qur'an is the word of a noble Messenger. — Sahih International

৪০. নিশ্চয় এ কুরআন এক সম্মানিত রাসূলের (বাহিত) বাণী(১)।

(১) এখানে সম্মানিত রাসূল মানে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৪০) নিশ্চয়ই এই কুরআন এক সম্মানিত রসূলের বার্তা। [1]

[1] সম্মানিত রসূল বলতে মুহাম্মাদ (সাঃ)-কে বুঝানো হয়েছে। আর قول 'বার্তা'র অর্থ তেলাঅত (পাঠ করা)।

অর্থাৎ, রাসূলে করীম (সাঃ)-এর তেলাঅত। অথবা قول 'বার্তা' বলতে এমন কথা যা এই সম্মানিত রসূল, আল্লাহর পক্ষ থেকে তোমাদের নিকট পৌঁছান। কারণ, কুরআন না রসূল (সাঃ)-এর বাণী, আর না জিবরীল (আঃ)-এর বাণী, বরং তা হল আল্লাহর বাণী, যা তিনি জিবরীল ফিরিশতার মাধ্যমে পয়গম্বরের উপর অবতীর্ণ করেছেন। অতঃপর তিনি মানুষের কাছে তা পাঠ করে শুনিয়ে ও পৌঁছে দিয়েছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5363>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন